

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪৯

১/ বিবিধ

আরবী

رحم الله حميرا، أفواههم سلام، وأيديهم طعام، وهم أهل أمن وإيمان موضوع

أخرجه الترمذي (4 / 378) وأحمد (2 / 278) ومن طريقه العراقي في " المحجة " (4 / 24) عن ميناء مولى عبد الرحمن بن عوف قال: سمعت أبا هريرة يقول: كنا عند رسول الله صلى الله عليه وسلم فجاءه رجل أحسبه من قيس، فقال: يا رسول الله ألعن حميرا؟ فأعرض عنه، ثم جاءه من الشق الآخر فأعرض عنه، فقال النبي صلى الله عليه وسلم: ... فذكره، وقال: هذا حديث غريب لا نعرفه إلا من هذا الوجه، ويروي عن ميناء أحاديث مناكير قلت: وقد كذبه أبو حاتم كما تقدم في الحديث الذي قبله والحديث ذكره السيوطي في " الجامع " من رواية أحمد والترمذي، ولم يتكلم عليه شارحه المناوي بشيء! لا في " الفيض "، ولا في " التيسير

বাংলা

৩৪৯। হিমইয়ারীদের আল্লাহ রহম করুন। তাদের মুখমণ্ডলগুলো শান্তি স্বরূপ এবং হাতগুলো খাদ্য স্বরূপ। তারা নিরাপত্তা এবং ঈমানের অধিকারী।

হাদীসটি জাল।

এটি তিরমিয়ী (৪/৩৭৮), আহমাদ (২/২৭৮) এবং তার সূত্র হতে ইরাকী তার "আল-মুজাম" গ্রন্থে (২/৪৬)



আব্দুর রহমান ইবনু আউফের দাস মীনা হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইরাকী বলেছেনঃ এ হাদীসটি গারীব। এ সূত্র ছাড়া অন্য কোন সূত্র হতে এটিকে চিনি না। মীনা হতে মুনকার হাদীস বর্ণনা করা হয়ে থাকে।

আমি (আলবানী) বলছিঃ তাকে আবু হাতিম মিথ্যুক আখ্যা দিয়েছেন, যেমনভাবে পূর্বের হাদীসে বলা হয়েছে। হাদীসটি সুয়ূতী তার "জামেউস সাগীর" গ্রন্থে আহমাদ এবং তিরমিযীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। আর তার ভাষ্যকার মানবী কোন কিছুই বলেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন